

অন্তবিহীন

কেউ কেউ আছে যারা সূর্যকে ফুল ভাবে।
কেউ কেউ আছে যারা বিষ পান করে,
অমৃত ভেবে;
আমিও তাদের দলে, তারাই বন্ধু আমার।
হৃদয়ের গোপন কামনায় বলি,
কোনো এক প্রবল বাড়ে ঘুচে যাক্
আমার গৃহবাস, গৃহ হোক কোনো
বহমান নদী।
তবেই সুবাতাস বুকে হেঁটে যাব
অনন্ত পথ.....।

উজ্জয়িনী দে

